মন্ত্রিপরিষদ বিভাগের আওতায় ২০১৬-১৭ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর সারসংক্ষেপ

ক্র: নং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১।	মন্ত্রিপরিষদ বিভাগ	০১ টি	০	০১	০	০১	০১	২১%	০	০

০১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ০১ টি (এক)

০২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ প্রকল্প বাস্তাবয়নে বিলম্বই মেয়াদ বৃদ্ধির কারণ।

০৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান সমস্যা ও সুপারিশ

ক্রমিক নং	সমস্যা	সুপারিশ
বিঃ দ্রঃ প্রকল্প বাস্তবায়নে কোন সমস্যার সম্মুখীন হতে হয় নি।		

ন্যশনাল ইনটিগ্রিটি স্ট্রাটিজি সাপোর্ট প্রজেক্টশীর্ষক সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

সমাপ্তঃ **জুন, ২০১৭**

১। প্রকল্পের নাম : **ন্যশনাল ইনটিগ্রিটি স্ট্রাটিজি সাপোর্ট প্রজেক্ট**

২। বাস্তবায়নকারী সংস্থা : মন্ত্রিপরিষদ বিভাগ

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : মন্ত্রিপরিষদ বিভাগ

৪। প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয় : জিওবি ও জাইকার অনুদান।

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (প্র:সা:)	১ম সংশোধিত (প্র:সা:)		মূল	১ম সংশোধিত/ মেয়াদ বৃদ্ধি			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৪৩৩.৩৪ (জিওবি-১৭৪.৪৫, প্রকল্প সাহায্য-১২৫৮.৮৯	প্রযোজ্যনয়	১৪২৭.৪১ (জিওবি-১৬৮.৫২, প্রকল্প সাহায্য-১২৫৮.৮৯	ফেব্রুয়ারি ২০১৫ হতেজানুয়ারি ২০১৭	ফেব্রুয়ারি ২০১৫ হতেজুন, ২০১৭	ফেব্রুয়ারি ২০১৫ হতেজুন, ২০১৭	-	৫ মাস

৫। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ**(লক্ষ টাকায়)

ক্রঃ কঃ	কাজের অংগ	একক	অনুমোদিত প্রকল্পের লক্ষ্যমাত্রা		বাস্তবায়ন অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
	১	২	৩	৪	৫	৬
১	Salary of Staff (4601)	১	৬.৪২	১০০%	৬.৪২	১০০%
২	Additional Charge (4737)	১	৪.৫০	১০০%	১.২৩	২৭.৩৩%
৩	Airfare (4801)	১	৪০.৭৮	১০০%	৪০.৭৮	১০০%
৪	Daily Allownce&etc	১	১৮৬.৬৭	১০০%	১৮৬.৬৭	১০০%
৫	Rental (venue & equipment) (4808)	১	১৩.৯২	১০০%	১৩.৯২	১০০%
৬	Printing & Translation (4827)	১	২১.৭১	১০০%	২১.৭১	১০০%
৭	Research (4829)	১	৫০.০০	১০০%	১৯.৯৩	৩৯.৮৬%
৮	Communication & Publication (4833)	১	৮.৪৯	১০০%	৭.৩৫	৮৬.৫৮%
৯	Training (4840)	১	১১৬.৮৫	১০০%	১১৬.৮৫	১০০%
১০	Seminar, Workshop & Conference (4842)	১	১০৬.৬৪	১০০%	১০৬.৬৪	১০০%
১১	Administrative Cost (৪৮৪৮)	১	৩৫৭.৪২	১০০%	৩৫৭.৪২	১০০%
১২	Specialist (4874)	১	৩২৯.৫৬	১০০%	৩২৯.৫৬	১০০%

ক্রঃ কঃ	কাজের অংগ	একক	অনুমোদিত প্রকল্পের লক্ষ্যমাত্রা		বাস্তবায়ন অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
	১	২	৩	৪	৫	৬
১৩	Hiring (4893)	১	৩১.৪১	১০০%	৩১.৪১	১০০%
১৪	Outsourcing Expences (4893)	১	১১৩.১৬	১০০%	১১৩.১৬	১০০%
১৫	Miscellanneous (4899)	১	৩.০০	১০০%	৩.০০	১০০%
১৬	Computer & Office equipment (4911)	১	০.২৬	১০০%	০.২৬	১০০%
১৭	Camera (6812)	১	০.৯৪	১০০%	০.৯৪	১০০%
১৮	Computer & Accessories (6815)	১	৮.৬৭	১০০%	৮.৬৭	১০০%
১৯	Office equipment for PIU (6819)	১	১৮.৫২	১০০%	১৮.৫২	১০০%
২০	Furniture (Conference room & others) (6821	১	৪.৪২	১০০%	৪.৪২	১০০%
২১	Development of Conference Room (7016)	১	১০.০০	১০০%	১০.০০	১০০%
	মোট:		১৪৩৩.৩৪	১০০%	১৩৯৮.৮৬	৯৭.৫৯%

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৭। **প্রকল্পের পটভূমিঃ**

বাংলাদেশের স্বপ্নলক্ষ্য ২০২১ সালের মধ্যে একটি মধ্যম আয়ের দেশে পরিণত হওয়া । বাংলাদেশ ধারাবাহিকভাবে ৬% এর উপর জিডিপি অর্জন করে চলেছে । এটি বলার অপেক্ষা রাখেনা যে সরকার উল্লেখযোগ্য অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন করেছে। তবে, অবকাঠামোগত অপর্যাপ্ততা, শাসন ব্যবস্থায় দুর্বলতা এবং সম্পদের সীমাবদ্ধতা প্রবৃদ্ধি অর্জনে বৃদ্ধিতে বাধার সৃষ্টি করছে । ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দুর্নীতিকে অন্যতম প্রতিবন্ধক হিসেবে চিহ্নিত করা হয়েছে । শাসন ব্যবস্থা উন্নত করার মাধ্যমে দুর্নীতি হ্রাস , কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি , উন্নত সেবা প্রদান ব্যবস্থাসহ আইনের শাসন নিশ্চিন্ত করার মাধ্যমে আরো দক্ষতার সাথে সীমাবদ্ধ সম্পদের সুষ্ঠ ব্যবহারে অবদান রাখা হয় । সমাজ এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহে কার্যকর এবং সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) অনুমোদন করেছে । জাতীয় শুদ্ধাচার কৌশলের (এনআইএস) সাথে সম্পৃক্ত স্টেকহোল্ডার প্রতিষ্ঠানসমূহ হল মন্ত্রণালয়/বিভাগ, সাংবিধানিক/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান, সুশীল সমাজ, বেসরকারিখাতভুক্ত বাণিজ্যিক ও শিল্প প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, গনমাধ্যম, রাজনৈতিক দল এবং পরিবার । এই কৌশল স্ব স্ব প্রতিষ্ঠানের জন্য লক্ষ্যমাত্রা , সুপারিশ এবং কর্মপরিকল্পনা নির্ধারণ করে দিয়েছে।

এনআইএস-এ জাতীয় শুদ্ধাচার অর্জনের জন্য তিনটি প্রধান উপাদান চিহ্নিত করা হয়েছেঃ (১) ‘রীতি’ প্রতিষ্ঠা; (২) ‘ক্ষমতা’ বন্টন এবং (৩) ‘প্রণোদনা’ প্রদান । রীতি প্রতিষ্ঠার ক্ষেত্রে একটি জবাবদিহিতামূলক সরকার অপরিহার্য কেননা প্রত্যাশিত রীতনীতির একটি অংশই হল জবাবদিহিমূলক সমাজ । আর সরকারি কর্মকর্তা -কর্মচারীদের নিকট থেকে প্রত্যাশা করা হয় তাঁরা এনআইএস বাস্তবায়নে অগ্রণী ভূমিকা রাখবেন । এ পরিপ্রেক্ষিতে, জাইকার কারিগরি সহযোগিতার উদ্দেশ্য বাংলাদেশ সরকারের জবাবদিহিতা বৃদ্ধি করা।

৮। **প্রকল্পের উদ্দেশ্য:**

আলোচ্য কারিগরি সহায়তা প্রকল্পটির সার্বিক উদ্দেশ্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহের মধ্যে জবাবদিহিতা বৃদ্ধি করা।প্রকল্প সময়ের মধ্যে মন্ত্রণালয় / বিভাগের মধ্যে একটি কার্যকর NISবাস্তবায়ন কাঠামো স্থাপন করা হয়।

প্রকল্পের নির্দিষ্ট উদ্দেশ্যগুলি হল:

১) রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) সংক্রান্ত কর্ম পরিকল্পনা দক্ষতার সাথে বাস্তবায়ন এবং নিয়মিতভাবে পর্যালোচনা করা;
২) রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) বাস্তবায়ন ত্বরান্বিত করা এবং সে সকল প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে এনআইএস-এর বিষয়ে জনগণের প্রতি তাদের দায়বদ্ধতা বৃদ্ধি করা; এবং
৩) জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) এবং দুর্নীতি দমন কমিশন আইনে যে সকল বিধি-বিধান বিধৃত রয়েছে সে অনুসারে দুর্নীতি দমন কমিশনের (দুদক) দুর্নীতি প্রতিরোধকারী ক্ষমতা বৃদ্ধি করা।

৯। **প্রকল্পের আওতায় গৃহীত কার্যাবলীঃ**

প্রকল্পের আওতায়মন্ত্রণালয় রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের জন্য/বিভাগ/জাতীয়শুদ্ধাচারকৌশলকর্ম-পরিকল্পনাপ্রণয়ন ও বাস্তবায়নঅগ্রগতিপরিবীক্ষণকাঠামোপ্রণয়ন, ৩২ টি বিভাগ ও জেলা এনআইএস কর্মশালা আয়োজন , দেশী ও বিদেশী প্রশিক্ষণের আয়োজন। ।

১০। **প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ**

প্রকল্পটি **২২-০৪-২০১৫**তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক জিওবি এবং জাইকার অর্থায়নে মোট ১৪৩৩ .৩৪ লক্ষ টাকা (জিওবি: ১৭৪.৪৫ ও প্রকল্প সাহায্য১২৫৮ .৮৯ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে ফেব্রুয়ারী , ২০১৫ থেকে জানুয়ারি , ২০১৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হয়েছে। পরবর্তীতে প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি হয় ফেব্রুয়ারী, ২০১৫ থেকে জুন, ২০১৭ পর্যন্ত।মেয়াদবৃদ্ধিরসারসংক্ষেপেমাননীয়প্রধানমন্ত্রীসানুগ্রহস্বাক্ষরকরেন ২৫ -১১-২০১৬ তারিখে।

১১। **প্রকল্প পরিদর্শনঃ**

গত ০৫ /০৯/২০১৮ তারিখ আইএমইডি'র উপ-পরিচালক জনাব কোহিনুর আক্তার কর্তৃক প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয় । পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন । প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা, প্রাপ্ত তথ্য বিশ্লেষণ ও পিসিআর-এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে।

১২। **ক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্যঃ** প্রকল্পের পিসিআর অনুযায়ী জানা যায় যে, আলোচ্য প্রকল্পের আওতায় ক্যামেরা, কম্পিউটার ও এ্যাকসেসরিস এবং অফিস ইক্যুইমেন্ট- কার্যাদেশ অনুযায়ী মালামাল সরবরাহ না করায় উক্ত মালামাল গ্রহণ করা হয় নি। তবে কনফারেন্স রুমের আসবাবপত্র ও কনফারেন্স রুম উন্নয়নের কাজ সম্পন্ন করা হয়েছে।

১৩। **প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ** পিসিআর অনুসারে প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ , অর্থ অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত এডিপি বরাদ্দ				টাকা অবমুক্তি	ব্যয়			
	মোট	টাকা	প্রঃসা:	বাস্তব		মোট	টাকা	প্র:সা:	বা স্তব
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০১৫-২০১৬	৮৪৭	১০৭	৭৪০	৪০%	১০৭	৭৪০.৭৮৬	০.৭৮৬০	৭৪০	৪০%
২০১৬-২০১৭	৫৮৬	৬৭	৫১৯	৬০%	৬৭	৫১৯.৬১০	০.৬১০	৫১৯	৫৭%
Total	১৪৩৩	১৭৪	১২৫৯	১০০%	১৭৪	১২৬০.৪০	১.৪০	১২৫৯	৯৭%

১৪। **উপকারভোগীদের মতামতঃ**প্রযোজ্যনয়।

১৫। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ** প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হলঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ
জনাব মি. মো: মদিউদ্দিন খান, অতিরিক্ত সচিব	না	হ্যাঁ	২৪.০৫.২০১৫	২৮.১২.২০১৬
জনাব মি. সুলতান আহমেদ অতিরিক্ত সচিব	না	হ্যাঁ	১৮.০১.২০১৭	-

১৬। **প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
আলোচ্য কারিগরি সহায়তা প্রকল্পটির সার্বিক উদ্দেশ্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহের মধ্যে জবাবদিহিতা বৃদ্ধি করা। প্রকল্প সময়ের মধ্যে মন্ত্রণালয় / বিভাগের মধ্যে একটি কার্যকর NISবাস্তবায়ন কাঠামো স্থাপন করা হয়।	১) ৬১ টি মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানগুলি জানুয়ারী ২০১৫ হতে জানুয়ারী ২০১৬ , জুলাই ২০১৬-জুন, ২০১৭ , জুলাই, ২০১৭ হতে জুন, ২০১৮-এ এনআইএস কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করেছে। (২) সকল রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান নৈতিক কমিটি গঠন করেছে।
রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) সংক্রান্ত কর্ম পরিকল্পনা দক্ষতার সাথে বাস্তবায়ন এবং নিয়মিতভাবে পর্যালোচনা করা;	এনআইএস কর্ম-পরিকল্পনা ত্রৈমাসিক পর্যবেক্ষণ করা হচ্ছে।
রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) বাস্তবায়ন ত্বরান্বিত করা এবং সে সকল প্রতিষ্ঠানসমূহের কর্মকতা/কর্মচারীদের মধ্যে এনআইএস-এর বিষয়ে জনগণের প্রতি তাদের দায়বদ্ধতা বৃদ্ধি করা; এবং	১) ৩২ টি বিভাগ ও জেলা এনআইএস কর্মশালা আয়োজন করা হয়েছে। ২) বিসিএস অ্যাডমিন একাডেমি-তে প্রায় ৩৫০ জন সরকারি কর্মকর্তাকে এনআইএস প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) এবং দুর্নীতি দমন কমিশন আইনে যে সকল বিধি-বিধান বিধৃত রয়েছে সে অনুসারে দুর্নীতি দমন কমিশনের (দুদক) দুর্নীতি প্রতিরোধকারী ক্ষমতা বৃদ্ধি করা।	দুর্নীতি দমন কমিশন এই বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের পাশাপাশি কাজ করছে । উপরন্তু দুর্নীতি দমন কমিশনের এনআইএস কর্ম পরিকল্পনা প্রণয়ণ ও বাস্তবায়ন।

১৭। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ**প্রযোজ্য নয়।

১৮। **অডিট সংক্রান্তঃ**ইন্টারনাল ও এক্সটারনাল অডিট রিপোর্ট গত ১২ এপ্রিল ২০১৭ তারিখে দাখিল করা হয়েছে। যার আপত্তি নিষ্পন্নের কাজ চলমান রয়েছে।

১৯। **প্রকল্প বাস্তবায়ন সমস্যাঃ প্রকল্প বাস্তবায়নে কোন সমস্যার সম্মুখীন হতে হয়নি**

২০। **পর্যবেক্ষণঃ**

২০.১ প্রকল্প সমাপ্তির পর আইএমইডি'র ০৪/২০০৩ ফরমেটে যে Project Completion Report প্রস্তুত করা হয়, সে ফরমেটের প্রত্যেকটি অংশের প্রতিটি অনুচ্ছেদ/টেবিল/সার-সংক্ষেপ যথাযথভাবে পূর্ণ করা হয়নি;

২০.২ প্রকল্পের আওতায় মন্ত্রণালয় রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের জন্য/বিভাগ/জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো করা হয়েছে ।

২০.৩ প্রকল্পের আওতায় দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

২১। **আইএমইডির মতামত/সুপারিশঃ**

২১.১ প্রকল্প সমাপ্তির পর আইএমইডি 'র ০৪/২০০৩ ফরমেটে যে Project Completion Report প্রস্তুত করা হয়, সে ফরমেটের প্রত্যেকটি অংশের প্রতিটি অনুচ্ছেদ /টেবিল/সার-সংক্ষেপ যথাযথভাবে পূর্ণ করা বাঞ্ছনীয় (অনু: ২০.১);

২১.২ দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার অনুযায়ী সময়ানুগ ও গুনগত সেবা প্রদান নিশ্চিত করতে সকল দপ্তর সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল নিয়মিত পরিবীক্ষণের জরুরী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে ;

২১.৩ অনুচ্ছেদ ২১.১ হতে ২১.২ এর বিষয়ে গৃহীত ব্যবস্থা মন্ত্রণালয়/বিভাগ আগামী ০১ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।